

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৭৬

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮

০৩ জুন ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০৩ জুন ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিমদিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

০৩ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ বিহার হতে আসাম অতিক্রম করে পশ্চিমবঙ্গ ও বাংলাদেশে অবস্থান করছে। অপর লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ হতে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৫	৩৪.২	৩৪.০	৩৩.৯	৩৪.৫	৩৫.৭	৩৪.৩	৩৩.৬
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৮	২৬.৬	২৫.০	২৪.৪	২৭.০	২৫.৭	২৬.৬	২৬.৩

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩৫.৭° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট ২৪.৪° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘন্টায় স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে যমুনাও পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন ভারতের আসাম ও মেঘালয় প্রদেশের স্থানসমূহে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এই সময়ে আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল সময়বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২০ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ/০৩ জুন ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-

বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
পঞ্চগড়	১০৮.০	মনু রেলওয়ে ব্রিজ	১০৩.০	জাফলং	৮৬.০
নারায়নহাট	৮৩.০	বান্দরবান	৭৭.০	ভাগ্যকুল	৭৪.০
চট্টগ্রাম	৭৩.০	ছাতক	৬৫.০	পাঁচপুকুরিয়া	৬৮.০
রাঙ্গামাটি	৬৫.০	জকিগঞ্জ	৫০.০	লামা	৪৭.০

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণীয় পানি সমতল স্টেশন	১০১	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৬১	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয় নি (০১ টি)
হ্রাস	৩৮	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০১	বিপদসীমার উপরে	০

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০১ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২ জুন, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	৪	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	১	০	০

৮।	খুলনা	৬	০	০
	মোট	১৪	৪	০

জেলা ভিত্তিক অগ্নিকান্ডের তথ্যঃ

১। ঢাকাঃ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, ০২/০৬/২০২১ তারিখ সকাল ৫:০৩ ঘটিকায় কবরস্থান রোড, আশুলিয়া, ঢাকা এলাকায় একটি বসতঘরে আগুন লাগে। ফায়ার সার্ভিসের ১ টি ইউনিট যাওয়ার পূর্বেই স্থানীয় লোকজন আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডে আওয়াল (৩৫), আফিয়া (১০), হাকিম (৪০) এবং আদুরী (৩০) নামের ৪ (চার) জন আহত হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ৩০/০৫/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.১৮৫ নম্বর স্মারকের মাধ্যমে কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় দরিদ্র, দুঃস্থ, অস্বচ্ছল ও কর্মহীন জনগোষ্ঠীর মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত ৭ টি জেলার পার্শ্বে মোট ৪৫,০০,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ) টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

ক্রমিক নং	জেলার নাম	নগদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)
১।	যশোর	১৫,০০,০০০/- (পনের লক্ষ)
২।	খুলনা	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)
৩।	ব্রাহ্মণবাড়িয়া	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)
৪।	ঝিনাইদহ	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)
৫।	কুষ্টিয়া	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)
৬।	নড়াইল	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)
৭।	চুয়াডাঙ্গা	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)
মোট =		৪৫,০০,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ) টাকা

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ৩১/০৫/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৯.১৮৮ নম্বর স্মারকের মাধ্যমে সাম্প্রতিক ঘূর্ণিঝড় 'ইয়াস' এর প্রভাবে ক্ষতিগ্রস্ত নিম্নবর্ণিত ১০ টি জেলার নিম্নবর্ণিত ২৪ উপজেলার পার্শ্বে বর্ণিত হারে মোট ৫,১০০ (পাঁচ হাজার একশত) বাস্তব টেউটিন এবং বাস্তব প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে (৫,১০০x৩,০০০)= ১,৫৩,০০,০০০/- (এক কোটি তিপ্পান লক্ষ) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	উপজেলায় টেউটিন বরাদ্দের পরিমাণ (বাস্তব)	জেলায় গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা)
১	খুলনা	কয়রা	২০০	২৪,০০,০০০/-
		পাইকগাছা	২০০	
		দাকোপ	২০০	
		বটিয়াঘাটা	২০০	
		মোট=	৮০০	
২	বাগেরহাট	শরণখোলা	২০০	১২,০০,০০০/-
		রামপাল	২০০	
		মোট=	৪০০	
৩	পটুয়াখালী	কলাপাড়া	২০০	৩০,০০,০০০/-
		রাঙ্গাবালী	২০০	
		দশমিনা	২০০	

		মির্জাগঞ্জ	২০০	
		গলাচিপা	২০০	
		মোট=	১০০০	
৪	পিরোজপুর	মঠবাড়ীয়া	২০০	১২,০০,০০০/-
		ইন্দুরকানী	২০০	
		মোট=	৪০০	
৫	ভোলা	চরফ্যাশন	২০০	১২,০০,০০০/-
		মনপুরা	২০০	
		মোট=	৪০০	
৬	চট্টগ্রাম	বাঁশখালী	২০০	৬,০০,০০০/-
৭	কক্সবাজার	মহেশখালী	২০০	১২,০০,০০০/-
		কুতুবদিয়া	২০০	
		মোট=	৪০০	
৮	লক্ষ্মীপুর	রামগতি	২০০	১২,০০,০০০/-
		কমলনগর	২০০	
		মোট=	৪০০	
৯	নোয়াখালী	হাতিয়া	২০০	৬,০০,০০০/-
১০	সাতক্ষীরা	আশাশুনি	৩০০	২৭,০০,০০০/-
		শ্যামনগর	৩০০	
		কালীগঞ্জ	৩০০	
		মোট=	৯০০	
সর্বমোট =		২৪ টি উপজেলা	৫,১০০ (পাঁচ হাজার একশত)	১,৫৩,০০,০০০/- (এক কোটি তিশ্বান লক্ষ) টাকা

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ৩১/০৫/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৯.১৮৭ নম্বর স্মারকের মাধ্যমে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ৬৪ টি জেলার ৪৬৮ টি উপজেলার প্রতিটিতে ৫০ (পঁঞ্চাশ) বান্ডিল হারে মোট ২৩,৪০০ (তেইশ হাজার চারশত) বান্ডিল ডেউটিন এবং বান্ডিল প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে (২৩,৪০০x৩,০০০)= ৭,০২,০০,০০০/- (সাত কোটি দুই লক্ষ) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০২/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৯.১৯৪ নম্বর স্মারকের মাধ্যমে সাম্প্রতিক বন্যা, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের ঘর-বাড়ি মেরামত/ পুনঃ নির্মাণের লক্ষ্যে নেত্রকোনা জেলার অনুকূলে নগদ টাকা, ডেউটিন এবং গৃহমঞ্জুরি বাবদ বরাদ্দ দেওয়া হয়েছে।

ক্রমিক নং	জেলার নাম	ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)	ডেউটিন বরাদ্দের পরিমাণ (বান্ডিল)	গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা)
১।	নেত্রকোনা	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা	৩০০ (তিনশত) বান্ডিল	(৩০০x৩,০০০) = ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা



৩-৬-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৭৬/১(১৭১)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮

০৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩-৬-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা